

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯২০]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (دفنه المكث المديض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث)

পরিচ্ছেদঃ ১৫২: মৃতের নিকট কী বলা যাবে? এবং মৃতের পরিজনরা কী বলবে?□

(152) بَابُ مَا يُقَالُ عِنْدَ الْمَيِّتِ وَمَا يَقُوْلُهُ مَنْ مَاتَ لَهُ مَيِّت

আরবী

عَن أُمِّ سَلَمَةً رَضِيَ اللهُ عَنهَا، قَالَتْ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: إِذَا حَضَرتُمُ المَريضَ أَو المَيِّتَ، فَقُولُوا خَيْراً، فَإِنَّ المَلائِكَةَ يُؤَمِّنُونَ عَلَى عليه وسلم، فَقُلتُ: يَا مَا تَقُولُونَ ، قَالَتْ: فَلَمَّا مَاتَ أَبُو سَلَمَةَ، أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم، فَقُلتُ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إِنَّ أَبَا سَلَمَة قَدْ مَاتَ، قَالَ: قُولِي: اَللهم اغْفِرْ لِي وَلَهُ، وَاعْقِبْنِي مِنْهُ عُقْبَى حَسَنَةً . فَقُلتُ، فَأَعْقَبَنِيَ اللهُ مَنْ هُوَ خَيْرٌ لِي مِنْهُ: مُحَمَّداً صلى الله عليه وسلم. وسلم.

বাংলা

১/৯২৫। উন্মে সালামাহ রাদিয়াল্লাহু 'আনহা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা পীড়িত অথবা মৃতের নিকট উপস্থিত হলে ভাল কথা বল। কেননা, ফিরিপ্তারা তোমাদের কথায় 'আমীন' বলেন।" (উন্মে সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা) বলেন, অতঃপর যখন (আমার স্বামী) আবূ সালামাহ মারা গেলেন, তখন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললাম, 'হে আল্লাহর রাসূল! আবূ সালামাহ মারা গেছেন। (সূতরাং আমি এখন কী বলব?)'

তিনি বললেন, তুমি এই দো'আ বল, 'আল্লাহুন্মাগফির লী অলাহু, অআ'ক্কিবনী মিনহু উক্কবা হাসানাহ।' অর্থাৎ হে আল্লাহ! তুমি আমাকে ও তাঁকে মার্জনা কর এবং আমাকে তাঁর চেয়ে উত্তম বিনিময় প্রদান কর।' সুতরাং আমি তা বললাম, ফলে মহান আল্লাহ আমাকে তাঁর চেয়ে উত্তম বিনিময় মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (স্বামীরূপে) প্রদান করলেন। (মুসলিম) [1]

(মুসলিম 'পীড়িত অথবা মৃত' সন্দেহের সাথে বর্ণনা করেছেন। আর আবূ দাউদ প্রমুখ বিনা সন্দেহে 'মৃতের নিকট উপস্থিত' হওয়ার কথা বর্ণনা করেছেন।)



English

(152) Chapter: Good Words to be Uttered before a dying Person and his Family

Umm Salamah (May Allah be pleased with her):

The Messenger of Allah (ﷺ) said, "When you visit a sick or a dying person, you should utter good words because the angels say `Amin' at what you say." She added: When Abu Salamah (May Allah be pleased with him) died, I came to the Prophet (ﷺ) and said: "O Messenger of Allah, Abu Salamah has died." He (ﷺ) directed me to supplicate thus: "Allahummaghfir li wa lahu, wa a`qibni minhu `uqba hasanatan [O Allah, forgive me and him, and bestow upon me a better future (give me a better substitute)]." So I supplicated as he directed, and Allah gave me a man who was better for me than Abu Salamah (i.e., the Prophet Muhammad (ﷺ)). (The Prophet (ﷺ) married Umm Salamah afterwards.)

[Muslim].

Commentary: In order to fill the vacuum of the dead person, the family members should pray to Allah to grant them a better substitute as He is Omnipotent and nothing is impossible to Him.

ফুটনোট

[1] মুসলিম ৯১৯, ৯১৮, তিরমিয়ী ৯৭৭, নাসায়ী ১৮২৫, আহমাদ ৩১১৯, ইবনু মাজাহ ১৪৪৭, আহমাদ ২৫৯৫৮, ২৬০৬৮, ২৬০৯৫, ৬১২৯, ২৬১৫৭, ২৬১৯৯, মুওয়াত্তা মালিক ৫৫৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন